

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৭৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫১]

১। ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৬৯. সুস্পষ্ট প্রমাণের দ্বারা হদয়ের প্রশান্তি বৃদ্ধি পায়।

باب زِيَادَةِ طُمَأْنِينَةِ الْقَلْبِ بِتَظَاهُرِ الْأَدِلَّةِ

আরবী

وَحَدَّتَنِي حَرْمَلَةُ بْنُ يَحْيَى، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، وَسَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " نَحْنُ أَحَقُّ بِالشَّكِّ مِنْ إِبْرَاهِيمَ صلى الله عليه وسلم إِذْ قَالَ (رَبِّ أَرِنِي عَيْفَ تُحْيِي الْمَوْتَى قَالَ أَولَمْ تُوْمِنْ قَالَ بَلَى وَلَكِنْ لِيَطْمَئِنَّ قَلْبِي) قَالَ " وَيَرْحَمُ اللَّهُ لُوطًا لَقَدْ كَانَ يَأْوِي إِلَى رُكْنٍ شَدِيدٍ وَلَوْ لَبِثْتُ فِي السِّجْنِ طُولَ لَبْتِ يُوسُفَ لأَجَبْتُ الدَّاعِيَ " لَقَدْ كَانَ يَأُوي إِلَى رُكْنٍ شَدِيدٍ وَلَوْ لَبِثْتُ فِي السِّجْنِ طُولَ لَبْتِ يُوسُفَ لأَجَبْتُ الدَّاعِيَ "

বাংলা

২৭৬-(২৩৮/১৫১) হারমালাহ ইবনু ইয়াহইয়া (রহঃ) আবৃ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ ইবরাহীম (আঃ) এর তুলনায় আমাদের মনে অধিক সন্দেহ জাগতে পারে[1]। তিনি বলেছিলেনঃ "হে আমার প্রতিপালক কিভাবে আপনি মৃতকে জীবিত করেন, আমাকে দেখান? আল্লাহ বললেনঃ "তবে কি তুমি বিশ্বাস কর না? তিনি উত্তরে বললেন, কেন করব না? তবে এটা কেবল আমার চিত্তের প্রশান্তির জন্য"- (সূরাহ আল বাকারাহ ২ঃ ২৬০)। আল্লাহ তা'আলা লুত (আঃ) এর উপর রহমত বর্ষণ করুন, তিনি কোন শক্তিশালী জনগোষ্ঠীর আশ্রয় গ্রহণের ইচ্ছা প্রকাশ করেছিলেন[2]। ইউসুফের দীর্ঘ কারাবরণের ন্যায় আমাকেও যদি কারাগারে অবস্থান করতে হত, তবে আমি রাজদূতের আহবানে সাড়া দিতাম[3]। (ইসলামিক ফাউন্ডেশনঃ ২৮০, ইসলামিক সেন্টারঃ ২৯০)

English

Chapter: Increasing the heart's tranquility with the appearance evidence

It is narrated on the authority of Abu Huraira that the Messenger of Allah (ﷺ) observed: We have more claim to doubt than Ibrahim (ﷺ) when he



said: My Lord! Show me how Thou wilt quicken the dead. He said: Believeth thou not? He said: Yes! But that my heart may rest at ease. He (the Holy Prophet) observed: May Lord take mercy on Lot, that he wanted a strong support, and had I stayed (in the prison) as long as Yusuf stayed, I would have responded to him who invited me.

ফুটনোট

- 1. "ইবরাহীম (আঃ) এর তুলনায় আমাদের মনে অধিক সন্দেহ জাগতে পারে"- এর অর্থ নিয়ে উলামাদের মাঝে মত বিরোধ রয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ন আলাইহি ওয়া সাল্লাম এর এই উক্তির অর্থ এই যে, ইবরাহীম (আঃ)-এর "পুনরুত্থানের" প্রতি সন্দেহ হওয়া অসম্ভব ছিল। যদি তার নাবী ও খলীলুল্লাহ হওয়া সত্ত্বেও সন্দেহ হয়, তা হলে অন্যান্য নাবীদেরও সন্দেহ হত। আমার অবস্থা তোমরা জান যে, আমার কোন সন্দেহ নেই। অতএব, ইবরাহীম (আঃ) এরও সন্দেহ ছিল না। রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ন আলাইহি ওয়াসাল্লাম উপরোক্ত উক্তি এই জন্য করেছিল যে, যখন এ আয়াত অবতীর্ণ হল, "হে আল্লাহ কিভাবে আপনি মৃতকে জীবিত করেন আমাকে দেখান" তখন কিছু লোক ইবরাহীম (আঃ) এর উপর ভুল সন্দেহ করল। আল্লাহর রাসূল সাল্লাল্লাভ্ন আলাইহি ওয়াসাল্লাম তাদের এ সন্দেহ দূর করার জন্য এ হাদীসটি বর্ণনা করেন।
- 2. আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ লুত (আঃ) এর উপর রহমাত বর্ষণ করুন। তিনি শক্তিশালী জনগোষ্ঠীর আশ্রয় গ্রহণের ইচ্ছা প্রকাশ করেছিলেন। সুন্দর যুবকের অবয়বে আগত মেহমানদের (ফেরেশতা) সম্ভ্রম রক্ষার বেলায় তিনি মেহমানকে খুশি করার জন্য এ উক্তি করেছিলেন। তবে তিনি আল্লাহর সাহায্য থেকে গাফিল ছিলেন এমনটি নয়।
- 3. আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "আমি রাজদূতের আহবানে সাড়া দিতাম।" এখানে তিনি ইউসুফ (আঃ) এর মর্যাদা বর্ণনা করেছেন যে, তার কত ধৈর্য ছিল যা অন্যের মধ্যে পাওয়া খুব মুশকিল ব্যাপার। কেননা, দীর্ঘ কারাভোগ করেও বাদশার স্বপ্লের ব্যাখ্যা দেয়ার জন্য রাজদূতের আহবানে সাড়া দিলেন না। অর্থাৎ যুলাইখার মিথ্যা অপবাদের সঠিক তদন্ত না হওয়া পর্যন্ত বের হলেন না। তদন্তের পর যুলাইখার মিথ্যা অপবাদ সাব্যন্ত হলে তিনি জেলখানা হতে বের হয়ে আসেন ও বাদশাহর স্বপ্লের তাবীর করেন। (সংক্ষিপ্ত নাবাবী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন